আরও ২২ কোভিড রোগীর মৃত্যু, আক্রান্ত ১৫৪১

এই সময়ে ১ হাজার ৫৪১ জন কোভিড রোগী শনাক্ত হয়েছে বলে স্বাস্থ্য বিভাগ জানিয়েছে।

এ নিয়ে দেশে মোট কোভিড-১৯ রোগী শনাক্ত হলেন ৩৮ হাজার ২৯২ জন এবং মারা গেলেন ৫৪৪ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩৪৬ জন এবং মোট সুস্থ হয়েছেন ৭ হাজার ৯২৫ জন।

বুধবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ৭ হাজার ৮৪৩টি নমুনা সংগ্রহ করা হয়েছে। আগেরসহ মোট ৮ হাজার ১৫টি নমুনা পরীক্ষা করা হয়েছে।

‘এর মধ্যে ১ হাজার ৫৪১ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মারা গেছেন ২২ জন। এর মধ্যে ২০ জন
পুরুষ ও ২ জন নারী।’

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩৪৬ জন এবং মোট সুস্থ হয়েছেন ৭ হাজার ৯২৫ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ২০.৭০ শতাংশ ও মৃত্যুর হার ১.৪২ শতাংশ।

ডা. নাসিমা আরও জানা, বয়স বিশ্লেষণে ০-১০ বছরের মধ্যে একজন, ২১-৩০ বছরের মধ্যে ২ জন, ৩১-৪০ বছরের মধ্যে ২ জন, ৪১-৫০ বছরের মধ্যে ২ জন, ৫১-৬০ বছরের মধ্যে ৭ জন, ৬১-৭০ বছরের মধ্যে ৭ জন এবং ৭১-৮০ বছরের একজন মারা গেছেন।

স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক জানান, বিভাগভিত্তিক পরিসংখ্যানে দেখা গেছে, ঢাকা বিভাগে ১০ জন, চট্টগ্রামে ১০ জন ও সিলেটে ২ জন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ২১ জন ও বাসায় একজন মারা গেছেন।

জেলাভিত্তিক পরিসংখ্যানে ঢাকা জেলায় ৩ জন, মুন্সীগঞ্জে একজন,

নরসিংদীতে একজন, চট্টগ্রাম জেলায় ২ জন, নোয়াখালীতে ২ জন, কুমিল্লায় ২ জন, কক্সবাজারে একজন, চাঁদপুরে ২ জন, সিলেট জেলায় একজন ও মৌলভীবাজারে একজন মারা গেছেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটিট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

বিআইটিআইডির ল্যাব প্রধান করোনায় আক্রান্ত

চট্টগ্রামে যার নেতৃত্বে শত শত করোনা রোগীর নমুনা পরীক্ষা হচ্ছিল আর যার স্বাক্ষরেই রিপোর্ট পজেটিভ না নেগেটিভ তা চূড়ান্ত হচ্ছে; অবশেষ তিনি নিজেই করোনায় আক্রান্ত হলেন। আর অন্যদের মত নিজের করোনার পজেটিভ রিপোর্টে নিজেই স্বাক্ষর করেছেন।

তিনি চট্টগ্রামের ফৌজদারহাটস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল অ্যান্ড ইনফেকশাস ডিজিজেসের (বিআইটিআইডি) ল্যাব প্রধান ডা. শাকিল আহমেদ। মঙ্গলবার বিআইটিআইডিতে নমুনা পরীক্ষায় তার করোনা পজেটিভ রিপোর্ট আসে।
তিনি গত ২৫ মার্চ থেকে চট্টগ্রামের করোনা রোগীদের নমুনা পরীক্ষার টিমে নেতৃত্ব দিচ্ছিলেন।

৩২ বছর ধরে চিকিৎসা গবেষণা নিয়ে কাজ করা ডা. শাকিল সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেন, দৈনিক দুইশ থেকে তিনশ মানুষের নমুনা টেস্ট করছে তার টিম। তবে অনেক সর্তকতা অবলম্বন করায় তাদের এখনো কনোনায় কাবু করতে পারেনি। কিন্তু অবশেষে তিনি নিজেও করোনায়

আক্রান্ত হলেন। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

চীনে নতুন করে ৩৬ জন করোনা আক্রান্ত, আবার আতঙ্ক উহানে

করোনাভাইরাস নিয়ে রেহাই নেই চীনের। নতুন করে করোনাভাইরাসের সংক্রমণের কথা জানা যাচ্ছে। ৩৬ জন নতুন করে আক্রান্ত।

তবে এমন তথ্য সামনে এসেছে, যে ৩৬ জন নতুন করে আক্রান্ত হয়েছে, তাদের মধ্যে ২৯ জন উপসর্গবিহীনভাবেই সংক্রমিত। নতুন সংক্রমণের বেশিরভাগই উহান প্রদেশ থেকে যেখানে ৬.৫ মিলিয়ন মানুষের করোনা পরীক্ষা করা হয়েছে।

চীনের জাতীয় স্বাস্থ্য কমিশন জানিয়েছে, ৭টি নতুন আমদানি করা ঘটনা সামনে এসেছে। এদের মধ্যে পাঁচটি ইনার মঙ্গোলিয়া অটোনমাস রিজিয়ন এবং সাংহাইতে একটি এবং ফুজিয়ানে একটি ঘটনা সামনে এসেছে।
সোমবার করোনা আক্রান্ত হয়ে কোনও মৃত্যু হয়নি। তখনই জানানো হয়েছে, দেশে মোট ৪০৩টি উপসর্গবিহীন ঘটনা এবং ২৮টি ওভারসিজ ঘটনাকে পর্যবেক্ষণে রাখা হয়েছে।

উহান শহরে ২৬টি নতুন উপসর্গবিহীন ঘটনার কথা সামনে এনেছে স্থানীয় স্বাস্থ্য কমিশন। এমন ঘটনার প্রায় ৩৩৪ জন মেডিকেল পর্যবেক্ষণে রয়েছেন।

নভেল করোনাভাইরাসের শনাক্তকরণে মে মাসের ১৪ তারিখ থেকে ২৩ তারিখ অবধি ১১.২ মিনিয়ন জনসংখ্যার শহরে ৬.৫ মিলিয়নের বেশি মানুষের নিউক্লিক অ্যাসিড পরীক্ষা করা হয়েছে, এমন তথ্যই দিয়েছে চীন কর্তৃপক্ষ।

মে মাসের ১৪ তারিখ উহান প্রদেশে প্রচার শুরু হয় যাতে নিউক্লিক অ্যাসিড পরীক্ষা করে উপসর্গবিহীন এই ঘটনাগুলোর কিনারা করা সম্ভব হয়।

সোমবারের তথ্য অনুযায়ী, ৮২,৯৯২ করোনা আক্রান্তের বিষয় এখনও অবধি জানা গিয়েছে মেন ল্যান্ডে পাশাপাশি, ৪,৬৩৪ জনের মৃত্যু হয়েছে।

উল্লেখ্য, উহানের ইনস্টিটিউট অব ভাইরোলজিতে এই ধরনের মারণ ভাইরাস নিয়ে গবেষণা হয়। সেই গবেষণাগার থেকে লিক হয়ে ভাইরাস ছড়িয়ে পড়েছে, ইতিমধ্যেই এমন অভিযোগ তুলেছে আমেরিকাসহ একাধিক দেশ।

এই অবস্থায় চীন অবশ্য বারবার ব্যাখ্যা দিয়েছে যে গবেষণাগার থেকে ভাইরাস ছড়িয়ে পড়েনি। এবার ওই ল্যাবরেটরির ডিরেক্টর সামনে আনলেন নতুন ব্যাখ্যা। জানালেন সত্যিই ওই ল্যাবরেটরিতে ছিল বাদুড় থেকে পাওয়া তিনটি জীবন্ত করোনাভাইরাস। কিন্তু সে গুলির সঙ্গে COVID-19 কোনও সম্পর্ক নেই বলেই জানিয়েছেন তিনি।

ঠিক এক মাস পর আবারও ফিরে এল সেই অভিশাপ। ৩৭ পর নতুন করে উহান শহরে করোনা আক্রান্তের হদিশ মিলেছে। আক্রান্ত এক ব্যক্তির অবস্থা সঙ্কটজনক। তার স্ত্রী’ও করোনা আক্রান্ত, তবে তার কোনও উপসর্গ নেই।

গত ৩ এপ্রিল শেষবার করোনা আক্রান্তের খোঁজ পাওয়া গিয়েছিল উহানে। এরপর থেকে একরকম করোনা মুক্ত হয়ে গিয়েচিল উহান। কিন্তু এবার ফের আক্রান্তের সন্ধান পাওয়ায় আতঙ্ক বাড়ল। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

পুলিশে করোনার সংক্রমণ ৪ হাজার ছাড়াল

পুলিশে করোনাভাইরাসে নতুন করে সংক্রমিত হয়েছেন ১৫২ জন সদস্য। এ নিয়ে পুলিশে করোনায় সংক্রমিত সদস্যের সংখ্যা ৪ হাজার ছাড়াল। আজ মঙ্গলবার পুলিশ সদর দপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, নতুন করে পুলিশের ১৫২ জন সদস্য করোনায় সংক্রমিত হয়েছেন। এ নিয়ে বাংলাদেশ পুলিশে করোনায় সংক্রমিত মোট সদস্যের সংখ্যা ৪ হাজার ৫৩ হলো। তাঁরা জনগণের সেবা ও সুরক্ষা নিশ্চিত করতে গিয়ে করোনায় সংক্রমিত হয়েছেন। সংক্রমিত পুলিশ সদস্যদের মধ্যে ১৪ জন মারা গেছেন।

একই বিজ্ঞপ্তিতে বলা হয়, এ পর্যন্ত সুস্থ হয়ে পুলিশের ১ হাজার ১১৯ জন সদস্য বাড়ি ফিরেছেন। তাঁদের অনেকে ইতিমধ্যে আবার কাজে যোগ দিয়েছেন।

পুলিশ সদস্যদের মধ্যে করোনার সংক্রমণ ঝুঁকি কমাতে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের নির্দেশে বিভিন্ন ধরনের প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছে সদর দপ্তর।

এর অংশ হিসেবে বেসরকারি হাসপাতাল ভাড়া করাসহ সব পুলিশ হাসপাতালে চিকিৎসার জন্য পর্যাপ্ত পরিমাণ উন্নত চিকিৎসা সরঞ্জাম সংযোজন করা হয়েছে। পুলিশ মনে করে, এতে সংক্রমণের হার যেমন ক্রমান্বয়ে কমছে, তেমনি সুস্থতার হার বাড়ছে। সূত্র-প্রথম আলো

প্রসূতিকে ভর্তি নেয়নি স্বাস্থ্য কমপ্লেক্স, রাস্তায় সন্তান প্রসব

গাইবান্ধায় প্রসব ব্যথায় কাতর এক প্রসূতিকে ভর্তি নেয়নি স্বাস্থ্য কমপ্লেক্স। দীর্ঘ অপেক্ষার পর হাসপাতালের সামনের রাস্তায় সন্তান প্রসব করেছেন ওই মা।

সোমবার রাতে সাদুল্যাপুরের বাদশা মিয়ার স্ত্রীর প্রসব ব্যথা উঠলে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। কিন্তু হাসপাতালে তাকে ভর্তি না নেয়ায় দীর্ঘ সময় অপেক্ষার করেন তারা। পরে হাসপাতালের সামনের রাস্তায় তিনি একটি পুত্র সন্তানের জন্ম

দেন।

প্রসূতি রাশেদা বেগমের অবস্থার অবনতি হলে তাকে রংপুর মেডিকেলে পাঠানো হয়। ঘটনার পর প্রসূতির স্বজন ও স্থানীয়রা হাসপাতালের গেটে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন।
এ প্রসঙ্গে সাদুল্যাপুরের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক মিঠুন কুমার বর্মন বলেন, ‘ডেলিভ্যারির পর এখন ব্লিডিং বেশি হচ্ছে, এখন পেশেন্টকে এখানে ওভাবে রাখা সম্ভব না। করোনার কারণে এখানে কোন রোগী দেখা হয় না।’

সাদুল্যাপুরের উপজেলা নির্বাহী কর্মকর্তা নবীনেওয়াজ খান বলেন, ‘তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে। যদি কেউ দোষী হয়ে থাকেন তবে আমরা সে অনুযায়ী ব্যবস্থা নেব।’ সূত্র-বাংলাদেশ প্রতিদিন

করোনার মাঝেই ভয়াবহ বন্যার কবলে আসাম, ১২৭ গ্রাম প্লাবিত

করোনাভাইরাস সংকটের মধ্যে ভারতের আসাম রাজ্যের ১২৭টি গ্রাম প্লাবিত হয়েছে। এতে রাজ্যের ৩০ হাজারের বেশি মানুষ বন্যার কবলে পড়েছে। আসাম স্টেট ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে এনডিটিভি।

ভারতীয় এই সংবাদমাধ্যটি জানায়, ঘূর্ণিঝড় আম্ফানের ধাক্কায় শুরু হওয়া প্রবল বর্ষণে রাজ্যের পাঁচ জেলা ক্ষতিগ্রস্ত হয়েছে। ভয়াবহ বন্যায় লখিমপুর, ধেমাজি, ডিব্রুগড়, ডারাং ও গোয়ালপাড়ায় ৩০ হাজারের বেশি মানুষ বিধ্বস্ত। ১২৭টি গ্রাম বন্যার কবলে পড়েছে। তলিয়ে গেছে ৫৭৯ হেক্টর ফসলি জমি। বন্যায় সবচেয়ে করুণ অবস্থা গোয়ালপাড়ার। সেখানে ৮৯টি গ্রামের প্রায় ২৩ হাজার মানুষ আক্রান্ত হয়েছেন।

জেলায় ৩৩টি ত্রাণ শিবির খোলা হয়েছে। সেখানে ৮ হাজার মানুষকে নিয়ে যাওয়া হয়েছে।

আসামের স্বাস্থ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা সোমবার জানিয়েছেন, করোনা সংকটের মধ্যে এই ভয়াবহ বন্যার কবলের সময় বাইরে আটকা ব্যক্তিদের উচিত ১০ জুনের মধ্যে রাজ্যে ফিরে আসা। তাহলে রাজ্য বন্যা মোকাবেলায় ফোকাস করতে পারবে। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

লকডাউন শিথিল করতে যাচ্ছে সৌদি

সৌদি আরবের স্বাস্থ্যমন্ত্রী বলেছেন, সামনের বৃহস্পতিবার থেকে দেশজুড়ে লকডাউনের কড়াকড়ি শিথিল হতে যাচ্ছে। গতকাল সোমবার স্বাস্থ্যমন্ত্রী ডা. তৌফিক আল রাবিয়াহ বলেছেন, আক্রান্তের শুরুতেই রোগী চিহ্নিত করার জন্য অনেক বেশি সংখ্যক মানুষকে পরীক্ষা করা হবে এবং গুরুতর রোগীদের জন্য উন্নত চিকিৎসার ব্যবস্থা করা হবে।

তিনি আরো বলেন, আমরা করোনাভাইরাসে সংক্রমণ ও মৃত্যুর বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করছি। যখনই গুরুতর কোনো পরিস্থিতি আন্দাজ করছি, সে অনুসারে যথাযথ সিদ্ধান্ত আমরা নিচ্ছি।

তবে তিনি মনে করেন, লকডাউন শিথিল হওয়ার পরেও স্বাস্থ্য সংক্রান্ত নির্দেশনা সবাইকে মেনে চলতে হবে। শুরু থেকেই সৌদি আরবে নেওয়া সিদ্ধান্ত আমাদের মহামারি নিয়ন্ত্রণে রাখতে সহায়তা করেছে।

জানা গেছে, এখন পর্যন্ত সে দেশে করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে ৭৪ হাজার সাতশ ৯৫ জন এবং মারা গেছে তিনশ ৯৯ জন।

সূত্র : আরব নিউজ

‘করোনা সংকটে শেখ হাসিনা সরকারের উদ্যোগ দেশ বিদেশে প্রশংসিত হচ্ছে’

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, করোনা সংকটের শুরু থেকে আজ পর্যন্ত শেখ হাসিনা সরকারের বিভিন্ন উদ্যোগ, গৃহীত এবং বাস্তবায়িত সিদ্ধান্ত যখন দেশ বিদেশে প্রশংসিত হচ্ছে তখন বিএনপির নেতারা পুরনো নেতিবাচকতার বৃত্তেই ঘুরপাক খাচ্ছে। তারা মানুষের পাশে না থেকে সরকারের বিরুদ্ধে বিষোদগারের মরচে ধরা সমালোচনার তীর ছুড়ছেন যা অনাকাঙ্খিত ও অপ্রত্যাশিত। তিনি আজ তার সরকারি বাসভবনে নিয়মিত ব্রিফিংকালে এসব কথা বলেন।

ওবায়দুল কাদের বিএনপি নেতাদের উদ্দেশ্য করে বলেন, তারা জনগণের পাশে দাঁড়াবেন না, ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষের খোঁজ খবরও নিবেন না অথচ মিডিয়ায় সরকারের সমালোচনা করবেন, তাহলে এটাই কি বিএনপির রাজনীতি?
তিনি বলেন, পবিত্র ঈদের দিনেও জনগণ তাদের মুখের বিষ থেকে রেহাই পায়নি।

সরকার একদিকে করোনা সংক্রমণ রোধ ও আক্রান্তদের চিকিৎসা করছেন, অপরদিকে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের সুরক্ষায় পূর্ণ মনোনিবেশ করছেন জানিয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, এমতাবস্থায় বিএনপিকে কোনো কর্মসূচিতে বাধা প্রদান মিথ্যাবাদী রাখাল বালকের মতো গল্পের শামিল।
সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, করোনা সংকট এবং প্রাকৃতিক দুর্যোগে প্রমাণিত হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং আওয়ামী লীগই জনগণের পাশে থাকে, এটাই আওয়ামী লীগের ঐতিহ্য।

মন্ত্রী বলেন, অধিকাংশ মানুষের মাঝে ধৈর্য ও শৃঙ্খলার ঘাটতি দেখা যাচ্ছে, কেউ কেউ স্বাস্থ্যবিধি মেনে ঘরে অবস্থান করলেও অনেকেই এসব কানে না নিয়ে স্বাভাবিক মানুষের মতো ঘুরাফেরা করে হাট বাজারে জনসমাগম করছেন, এ উদাসীনতা নিজের ও আশপাশের সকলের ভয়ানক বিপদ ডেকে আনছে এবং অবনতি ঘটাচ্ছে পরিস্থিতি নিয়ন্ত্রণের। সূত্র-

যুগান্তর

ঈদের নামাজ, জানাজায় অংশ নিয়ে বাড়ি ফিরে জানলেন করোনায় আক্রান্ত!

সকালে জামাতে ঈদের নামাজ আদায়, বিকেলে এক বৃদ্ধের জানাজায় অংশ নিলেন জনৈক ব্যবসায়ী যুবক। দিন গড়িয়ে সন্ধ্যা নেমে এলে জানা গেল তিনি করোনায় আক্রান্ত। কুমিল্লার মনোহরগঞ্জে এ ঘটনা ঘটেছে। আক্রান্ত ওই যুবক ঢাকাফেরত বলে জানা গেছে।

জানা যায়, উপজেলায় করোনায় নতুন আক্রান্ত ওই ব্যক্তির বয়স ২৫ বছর। ঢাকার ইসলামপুর ও বঙ্গবাজারে তাদের ব্যবসা রয়েছে বলে জানা গেছে। তিনি ইসলামপুর ব্যবসা দেখাশুনা করতেন। কয়েকটি রোজা বাকি থাকতে তিনি মনোহরগঞ্জ উপজেলার বাইশগাঁও ইউনিয়নের নোয়াগাঁও নিজের বাড়িতে আসেন। তিনি হোম কোয়ারেন্টাইনে না থেকে পরিবারের লোকজনের সংস্পর্শে যাওয়া, এলাকার মানুষের সাথে চলাফেরা ও বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে যোগ দেন। ঈদের দিন সকাল ৮টায় তিনি স্থানীয়দের সাথে একত্রে ঈদের নামাজ আদায় শেষে শুভেচ্ছা বিনিময়, বিকেলে ৫টায় গ্রামের ৮০ বছর বয়সী বৃদ্ধ আবদুল করিমের জানাজায় অংশগ্রহণ করেন।

দিন গড়িয়ে সন্ধ্যা নেমে এলেই জানা গেলে ওই ব্যবসায়ী যুবক করোনায় আক্রান্ত। এতে স্থানীয়দের মধ্যে উদ্বেগ-আতঙ্ক দেখা দেয়।
স্থানীয় স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা যায়, ওই যুবক ঢাকা থেকে ফেরার বিষয়টি জানতে পেরে শনিবার (২৩ মে) র্যাপিড রেসপন্স টিম তার নমুনা সংগ্রহ করে প্রয়োজনীয় চিকিৎসা দিয়ে তাকে হোম কোয়ারেন্টাইনে থাকার নির্দেশনা দেন। কিন্তু তিনি নির্দেশনা অমান্য করে সকালে জামাতে ঈদের নামাজ আদায় ও বিকেলে জানাজায় অংশগ্রহণসহ বিভিন্ন সামাজিক কাজে যোগ দেন। সোমবার (২৬ মে) সন্ধ্যার পর উপজেলা স্বাস্থ্যবিভাগ প্রাপ্ত রিপোর্টে তার করোনা পজিটিভ হওয়ার বিষয়টি নিশ্চিত করলে এলাকায় অন্যদের মধ্যে

সংক্রমণের আশঙ্কায় আতঙ্ক বিরাজ করে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সোহেল রানা জানান, করোনা শনাক্তের পর বাইশগাঁও ইউপি’র নোয়াগাঁও গ্রামের আক্রান্ত ব্যক্তির বাড়ি লকডাউন করা হয়েছে।

মনোহরগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও কুমিল্লা জেলা করোনা প্রতিরোধ সমন্বয়ক ডা. নিসর্গ মেরাজ চৌধুরী ওই যুবকের করোনা আক্রান্তের বিষয়টি নিশ্চিত করে বলেন, উপজেলায় এ পর্যন্ত ১১ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে ৫ জন সুস্থ হয়ে ওঠেছেন। করোনা র্যাপিড রেসপন্স টিম আক্রান্তদের আন্তরিকতার সাথে সেবা প্রদান করছে। করোনা সংক্রমণ থেকে রক্ষা পেতে তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে বাসা-বাড়িতে থাকার পরামর্শ দেন। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

গণস্বাস্থ্যের করোনা শনাক্ত কিটের ট্রায়াল স্থগিতে ফখরুলের উদ্বেগ

গণস্বাস্থ্য কেন্দ্র উদ্ভাবিত করোনা শনাক্তকরণ কিট পরীক্ষার ট্রায়াল স্থগিতের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি অবিলম্বে গণস্বাস্থ্য কেন্দ্র উদ্ভাবিত এই কিট পরীক্ষার সমাধান দাবি করেছেন। পাশাপাশি গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ আশু রোগমুক্তি কামনা করেছেন তিনি।

মঙ্গলবার বিএনপির সহ দফতর সম্পাদক বেলাল আহমেদ স্বাক্ষরিত এক বিবৃতিতে মির্জা ফখরুল এসব কথা বলেন।
বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, করোনা সংক্রমণ এবং মৃত্যুর হার দ্রুত বাড়ছে। আমরা ইতিমধ্যে গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছি যে, সাধারণ মানুষের সঙ্গে দেশের বরেণ্য বিশিষ্ট ব্যক্তিরাও আক্রান্ত এবং মারা যাচ্ছেন।

তিনি আরও বলেন, আমরা গভীর উদ্বেগের সঙ্গে আরও লক্ষ্য করেছি যে, গণস্বাস্থ্য কেন্দ্র উদ্ভাবিত করোনা পরীক্ষার কিট যখন বিএসএমএমইউতে ট্রায়াল পরীক্ষা হচ্ছিল সেই সময়ে হঠাৎ করেই সরকারের ঔষধ প্রশাসন গণস্বাস্থ্য কেন্দ্রের কিটের ট্রায়াল স্থগিত করেছে। এতে প্রতীয়মান হয় যে, ওষুধ প্রশাসন উদ্দেশ্যমূলকভাবেই করোনা পরীক্ষা করতে আগ্রহী নয়। আমরা দাবি করছি অবিলম্বে গণস্বাস্থ্যের কিট পরীক্ষার সমাধান হোক।

বিবৃতিতে ফখরুল বলেন, দেশের বরেণ্য মুক্তিযোদ্ধা, চিকিৎসক ও গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী করোনায় আক্রান্ত হয়েছেন। আমি তার এবং অন্যান্য যারা করোনায় আক্রান্ত হয়েছেন তাদেরও আশু রোগমুক্তি কামনা করছি। ইতিমধ্যে চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য, গণমাধ্যম কর্মী, রাজনীতিক ও বিশিষ্ট ব্যবসায়ী নেতারা করোনায় মারা গেছেন তাদের প্রতি গভীর শোক ও দুঃখ প্রকাশ করছি এবং তাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি।

তিনি আরও বলেন, জনগণের প্রতি আহ্বান জানাই-আপনারা ঘরে থাকুন এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রণীত স্বাস্থ্যবিধি মেনে চলুন। প্রসঙ্গত, গণস্বাস্থ্য কেন্দ্র উদ্ভাবিত জিআর কোভিড-১৯ র্যা পিড ডট ব্লট কিট দিয়ে কোভিড-১৯ শনাক্ত এবং এ কিট সরবরাহ ও বাজারজাত করা থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছে ঔষধ প্রশাসন অধিদফতর। কিটটি অভ্যন্তরীণ গবেষণার কাজে ব্যবহারের কথা থাকলেও তা আপাতত স্থগিত ঘোষণা করেছে গণস্বাস্থ্য কেন্দ্র।

সোমবার ঔষধ প্রশাসন এক চিঠিতে এই নির্দেশনা দেয়। পরিপ্রেক্ষিতে কিটের ট্রায়ালের কার্যক্রম স্থগিত করে গণস্বাস্থ্য কেন্দ্র। সূত্র-যুগান্তর